



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

-: বিজ্ঞপ্তি :-

নং- ২২৯(ক)/সংস্থা/৯৫ (শি ক কেন্দ্র) ২২২৭

তারিখঃ ১৭/১০/২০১৬

দৈনিক/শিফট/সংখ্যার ভিত্তিতে স্ক্যানিং/এডিটিং/সার্টিং/ইকো চেকিং কাজে লোক নিয়োগের বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা-এর ২০১৬ সালের জেএসসি, ২০১৭ সালের মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফল প্রক্রিয়াকরণ সংক্রান্ত স্ক্যানিং, এডিটিং/ইকো চেকিং ও সার্টিং কাজের জন্য কম্পিউটারের মাধ্যমে প্রক্রিয়াকরণের কাজে দৈনিক/শিফট/সংখ্যা ভিত্তিক পারিশ্রমিকে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে স্ক্যানিং, এডিটিং ও সার্টিং অপারেটর পদে প্যানেল তৈরী করার জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে। প্রার্থীদের সাদা কাগজে জীবন বৃত্তান্ত, টেলিফোন/মোবাইল নম্বর, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সকল কাগজ পত্র ও এক কপি পাসপোর্ট সাইজের ছবিসহ ২৫/১০/২০১৬ তারিখের মধ্যে সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বক্সিবাজার, ঢাকা বরাবর আবেদন করতে হবে। সাক্ষাৎকার/পরীক্ষার জন্য পৃথক কোন পত্র দেয়া হবে না। প্রার্থীর ন্যূনতম যোগ্যতা উচ্চ মাধ্যমিক পাস হতে হবে।

প্রাথমিক বাছাইয়ের পর প্রার্থীদের স্ক্যানিং/এডিটিং/সার্টিং এর জন্য আগামী ২৬/১০/২০১৬ তারিখে সকাল ১০:০০ টা হতে সাক্ষাৎকার গ্রহণ করা হবে। সাক্ষাৎকারে উপস্থিত হবার জন্য প্রার্থীদেরকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। সাক্ষাৎকারের সময় অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতার মূল সনদ পত্র সমূহ দেখাতে হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

মোঃ শাহিদুল খবির চৌধুরী

সচিব

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা